যুগান্তর

তারিখ 02 NOV 2016
পৃষ্ঠা: 2 কলাম: 6

# চবির ভর্তি পরীক্ষায় প্রশ্নেই চিহ্নিত করা ছিল উত্তর!

**চবি প্রতিনিধি**

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সোমবার অনুষ্ঠিত হয় বাণিজ্য অনুষদের ভর্তি পরীক্ষা। সকালে অনুষ্ঠিত হয় সি-১ (ব্যবসায় শিক্ষা শাখা)। আর বিকালে সি২-৩ (মানবিক ও বিজ্ঞান শাখা)। পরীক্ষা শেষ হয় ভালোভাবেই। কিন্তু পরীক্ষা শেষেই বাধে বিপত্তি। দেখা গেছে, প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরের অংশটি ঝাপসা করে দেয়া। একটি দুটি নয়, ১০০টি প্রশ্নের সঠিক উত্তরই ঝাপসা করে দেয়া। মঙ্গলবার বিকাল ৩টা পর্যন্ত এ পরীক্ষার ফলও প্রকাশ করা হয়নি।

প্রশ্নপত্রের সেট-২-এর প্রথম প্রশ্নটির উত্তর হবে অপশন 'ডি'। লক্ষ করলে দেখা যায়, অত্যন্ত সুকৌশলে এই 'ডি' লেখাটি ঝাপসা করে দেয়া হয়েছে। এভাবে ১০০টি প্রশ্নেরই উত্তরের অপশনটি ঝাপসা করে দেয়া হয়েছে। ইফতেখার উদ্দিন নামে এক পরীক্ষার্থী জানান, 'প্রশ্নপত্রের প্রতিটি প্রশ্নেরই উত্তরের অপশনটি এভাবে ঝাপসা করে দেয়াটা কোনো সাধারণ ভুল হতে পারে না। এর পেছনে নিশ্চয়ই কোনো বড় ধরনের জালিয়াতি আছে।' আরেক পরীক্ষার্থী সাইফুল ইসলাম জানান, এ ঘটনার সুষ্ঠু তদন্ত ও জড়িতদের বিচার হওয়া আবশ্যক।' আরও কয়েকজন পরীক্ষার্থীর সঙ্গে যোগাযোগ করা হলে তারাও একই অভিযোগ করেন। পাশাপাশি তারা পরীক্ষা বাতিল করে নতুন করে পরীক্ষা গ্রহণের দাবি জানান।

এ ব্যাপারে ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর ড. জাহাঙ্গীর আলম বলেন, দায়িত্ব পালন করেছেন প্রফেসর ড. আহমদ সালাহউদ্দিন। তিনিই বিষয়টি বলতে পারবেন।' তিনি আরও বলেন, 'এ ধরনের কাজের সঙ্গে কোনো গ্রুপ বা সিন্ডিকেট জড়িত কিনা, সে ব্যাপারে আমার সন্দেহ আছে।'

প্রফেসর ড. আহমদ সালাহউদ্দিনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, 'আমার কাছে উত্তর ঝাপসা থাকার কোনো বিষয় জানা নেই। আপনার কাছে যদি প্রশ্ন থাকে তবে অফিসে এসে দেখা করুন।'